BANGLADESH ARMY UNIVERSITY OF ENGINEERING & TECHNOLOGY (BAUET)
QADIRABAD CANTONMENT, DAYARAMPUR, NATORE-6431
PHONE: 02588-879775
Website: www.bauet.ac.bd, e-mail: registrarbauet@gmail.com

BAUET/এ/০০১/(১২)/২০২৬- ৯৫৫৫৩

তারিখঃ ০৮ মে ২০২৬

নোটিশ

উইন্টার-২০২৫ সেমিস্টারের পরীক্ষার্থীদের প্রিপারেটরি লিভ প্রসঙ্গে

বরাতঃ

ক। বিএইউইটি একাডেমিক ক্যালেন্ডার ২০২৬-২৭।

খ। BAUET/পরীক্ষা নিয়ন্ত্রক/২০২৬/৯১ তারিখঃ ০৪ মে ২০২৬

১। এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একাডেমিক ক্যালেন্ডার ২০২৬-২৭ অনুযায়ী সকল ব্যাচের সিই, সিএসই, ইইই, আইসিই, এমই, ব্যবসায় প্রশাসন, ইংরেজী এবং আইন ও বিচার বিভাগের শিক্ষার্থীদের উইন্টার-২০২৫ সেমিস্টারের শ্রেণী কার্যক্রম আগামী ১৪ মে ২০২৬ তারিখে শেষ হবে এবং ১৭ মে ২০২৬ হতে ২৮ মে ২০২৬ তারিখ পর্যন্ত প্রিপারেটরি লিভ চলবে। উইন্টার-২০২৫ সেমিস্টারের ফাইনাল পরীক্ষা আগামী ০৭ জুন ২০২৬ তারিখ থেকে শুরু হবে।

২। বিভাগসমূহ ১৯ মে ২০২৬ ইং তারিখের মধ্যে ক্লাসের উপস্থিতি ৬০% এর নিচে থাকা ছাত্র-ছাত্রীদের নামের তালিকা রেজিস্ট্রার দপ্তর ও পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরে প্রেরণ করবেন। উল্লেখ্য যে, দেরিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হিসেব ভর্তির পরে সংগঠিত ক্লাসের সংখ্যার ভিত্তিতে করতে হবে। এছাড়া সকল বিভাগের পরীক্ষার্থীদের উপস্থিতি ১৮ মে ২০২৬ ইং তারিখে রেজিস্ট্রার অফিস কর্তৃক কেন্দ্রীয়ভাবে BAUET i-EMS এ লক করা হবে।

৩। ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয়ের সমুদয় বকেয়া (সেমিস্টার ফি এবং হল বকেয়া) পরিশোধ, অনলাইনে Teaching Efficiency Rating (TER) Form পূরণ, এবং নিজ নিজ প্রোফাইলে (300x300 Pixel) ফরমাল ছবি (যাদের আপলোড করা নেই) আপলোড করা সাপেক্ষে ফাইনাল পরীক্ষার এডমিট কার্ড ১৯ মে ২০২৬ তারিখ থেকে স্টুডেন্ট পোর্টাল হতে ডাউনলোড করা যাবে। এডমিট কার্ড পাওয়ার বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

৪। বিষয়টি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

মোঃ মনজিনুল মুবীন
মেজর (অবঃ)
ডেপুটি রেজিস্ট্রার (এডমিন)
এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার
পক্ষে উপাচার্য

বিতরণঃ
অভ্যন্তরীণঃ
কার্যক্রমঃ
সকল বিভাগীয় প্রধান (একাডেমিক)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
স্টুডেন্ট ফাইন্যান্স সেকশন
BAUET ওয়েবসাইট
সকল নোটিশ বোর্ড
অবগতিঃ
মাননীয় উপাচার্য (সদয় অবগতির জন্য)
ট্রেজারার
পরীক্ষা নিয়ন্ত্রক